

ত্রিপুরা সরকার  
সংখ্যালঘু কল্যাণ দপ্তর,  
বি জ্ঞ প্তি

ভারত সরকারের সংখ্যালঘু কল্যাণ মন্ত্রক সংখ্যালঘু ছাত্র ছাত্রীদের জন্য কেন্দ্রীয় সহায়তা দান প্রকল্পের অধীনে কারিগরী এবং পেশাগত উচ্চ মাধ্যমিকোত্তর এবং স্নাতকোত্তর পাঠ্যক্রমের জন্য মেধা অনুযায়ী বৃত্তি প্রদান করার জন্য ঘোষণা করেছে। এ প্রকল্প অনুযায়ী রাজ্যের ৪৮টি বৃত্তি দেওয়ার সংস্থান রয়েছে।  
{ মুসলমান- ২৭ জন, খ্রীষ্টান (অ-উপজাতি) - ১১ জন, বৌদ্ধ (অ-উপজাতি)- ১০জন }।

**যোগ্যতাবলী :-**

- ১) দরখাস্তকারীর পিতামাতার বাৎসরিক আয় অনূর্ধ্ব ২-৫০ লক্ষ টাকা হতে হবে
- ২) দরখাস্তকারীকে চূড়ান্ত পরীক্ষায় ৫০% শতাংশ নম্বর অবশ্যই পেতে হবে।

বর্তমান অর্থবছর ২০০৭-০৮ থেকে এই প্রকল্পটি চালু করা হয়েছে। আগামী ১৫. ০৯. ২০০৭ ইং এর মধ্যে দরখাস্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে জমা দিতে হবে। বিস্তারিত তথ্য জানার জন্য এবং দরখাস্তের ফর্ম নেওয়ার জন্য সংখ্যালঘু কল্যাণ দপ্তর, গোর্খাবস্তীতে যোগাযোগ করা যেতে পারে।

শান্তনু  
অধিকর্তা,  
সংখ্যালঘু কল্যাণ দপ্তর, ত্রিপুরা।